



স্মারক নং- ৮০.০০.০০০০.১১৬.১১.০০০৬.২৫-১৪৯

তারিখ: ১১ই কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৭শে অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : মন্ত্রিপরিষদ বিভাগের তোশাখানা ইউনিটের 'ব্যক্তিগত কর্মকর্তা' (১১তম গ্রেড) পদে ব্যবহারিক (সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর গতি) পরীক্ষার ফলাফল প্রকাশ।

মন্ত্রিপরিষদ বিভাগের তোশাখানা ইউনিটের 'ব্যক্তিগত কর্মকর্তা' (১১তম গ্রেড) পদের (বিজ্ঞপ্তির তারিখ: ২৬-০২-২০২৬, ক্রমিক:- ৫৯) ব্যবহারিক (সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর গতি) পরীক্ষা ২৬ ও ২৭ অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে নিম্নলিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে উত্তীর্ণ হয়েছেন:


পদের নাম, গ্রেড ও বিজ্ঞপ্তির তারিখ	উত্তীর্ণ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও সংখ্যা
"ব্যক্তিগত কর্মকর্তা" (১১তম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নং- ৫৯ তারিখ: ২৬.০২.২০২৬	000008 000048 000258 000290 000391 000430 000448 000483 = মোট ৮ জন।

২. ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) এর সাথে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদির সত্যায়িত কপি জমা দিতে হবে:

- BPSC Form-5A [Applicant's Copy] ০১ (এক) কপি;
- প্রবেশপত্র ০১ (এক) কপি;
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি;
- "ব্যক্তিগত কর্মকর্তা" পদের জন্য ৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার ও সাঁটলিপি প্রশিক্ষণ সনদ;
- বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডিভিট গ্রহণযোগ্য হবে না;
- বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি;
- সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত পিএসসির নির্ধারিত ফরমে ছাড়পত্রের কপি [প্রযোজ্য ক্ষেত্রে];
- অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ [তিন] কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রয়োজনীয় সনদের সত্যায়িত কপি;
- শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে];
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর স্বপক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র [প্রযোজ্য ক্ষেত্রে];
- তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/পরিচয়পত্র [প্রযোজ্য ক্ষেত্রে];
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
- প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

৩. উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট-এ প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।

৪. ব্যবহারিক (সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর গতি) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক ২৬-০২-২০২৬ তারিখে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী মূল আবেদন বিপিএসসি ফরম-5A [Applicant's Copy] কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে ২নং অনুচ্ছেদে উল্লিখিত কাগজপত্রসহ আগামী ০৩.১১.২০২৬ খ্রি: তারিখ হতে ০৫.১১.২০২৬ খ্রি: তারিখের মধ্যে সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত (প্রতি কর্মদিবসে) পরিচালক, ইউনিট-১৬, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর দপ্তরে হাতে হাতে অথবা ডাকযোগে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
৫. প্রকাশিত ফলাফলে যুক্তিসংগত কারণে কোন সংশোধনের প্রয়োজন হলে কর্ম কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।
৬. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।
৭. ব্যবহারিক পরীক্ষার ফলাফল বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
৮. মৌখিক পরীক্ষার সময়সূচি ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য বিস্তারিত তথ্যাবলী পরবর্তীতে কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।


(মোঃ মাহফুজুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(চলতি দায়িত্ব)